



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

ডিএমডি সার্কুলার লেটার নং-১২

তারিখ: ০৫ কার্তিক ১৪৩১

২১ অক্টোবর ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

বাংলাদেশ ব্যাংকের সাথে পুনঃক্রয় চুক্তি (Central Bank Repo) নিলাম প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ০১ জুলাই, ২০২৪ তারিখে জারিকৃত ডিএমডি সার্কুলার লেটার নং-০৯ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বিদ্যমান মুদ্রানীতি কাঠামো (Interest Rate Corridor) অনুযায়ী বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের জন্য পরিচালিত Open Market Operations অধিকতর কার্যকর করার লক্ষ্যে উল্লিখিত সার্কুলার লেটার নিম্নরূপে সংশোধন করা হলো:

- ক) বর্তমানে প্রচলিত সপ্তাহে ২ দিন রেপো নিলামের পরিবর্তে সপ্তাহে ১ দিন মঙ্গলবার এবং মঙ্গলবার ছুটি থাকলে পরবর্তী কর্মদিবসে রেপো (০৭ দিন, ১৪ দিন ও ২৮ দিন মেয়াদি) নিলাম অনুষ্ঠিত হবে;
- খ) নগদ জমা সংরক্ষণের (CRR) সুবিধার্থে Reserve Maintenance Period (RMP) এর দিনে ওভারনাইট (০১ দিন) রেপো নিলামের সুবিধা থাকবে; এবং
- গ) দৈনিক ভিত্তিতে প্রচলিত Standing Lending Facility (SLF) ও Standing Deposit Facility (SDF) সুবিধা অব্যাহত থাকবে।

৩। এ নির্দেশনা ০১ নভেম্বর ২০২৪ তারিখ হতে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(ইস্তেকমাল হোসেন)
পরিচালক (ডিএমডি)
ফোন: ৯৫৩০১৩১

ই-মেইল: istekmal.hussain@bb.org.bd